



# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)  
৩৭/৩/এ, ইফ্রাটন গার্ডেন রোড  
ঢাকা-১০০০



সার্কুলার নম্বর: ০৩/২০২২

তারিখঃ ২৪/০৭/২০২২ খ্রি.

- ১। সকল বিভাগীয় প্রধান  
পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।
- ৩। শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

**বিষয়: ব্যয় নিয়ন্ত্রণ ও জ্বালানি সাশ্রয়ে কতিপয় নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ের প্রতি আপনাদেরকে দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বিশ্বব্যাপী মূল্যস্ফীতি এবং জ্বালানী সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রীর আহ্বানে সতর্কতামূলক পদক্ষেপের অংশ হিসেবে ব্যয় নিয়ন্ত্রণ ও জ্বালানি সাশ্রয়ে কার্যকর কর্মসূচী নিরূপনে গত ২১/০৭/২০২২ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে ব্যবস্থাপনা পরিচালক খন্দকার আতাউর রহমানের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যয় নিয়ন্ত্রণ, বিদ্যুতের অপচয় রোধ, সাশ্রয়ী ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে ১১ টি সিদ্ধান্ত গৃহীত হয়। যা নিম্নরূপ:-

- (ক) অফিসের সকল কাজ অফিস সময়ের মধ্যে সম্পন্ন করা;
- (খ) অফিস সময়ের পর অতিরিক্ত সময় কাজের অভ্যাস পরিত্যাগ করা;
- (গ) প্রয়োজনের অতিরিক্ত লাইট ফ্যান না চালানো;
- (ঘ) এসি ব্যবহার সীমিত করা;
- (ঙ) এসি প্রয়োজন হলে এসির তাপমাত্রা ২৫ ডিগ্রীর উপরে রেখে ব্যবহার করা;
- (চ) বিদ্যুৎ খরচ সাশ্রয়ের জন্য যথাসম্ভব দিনের আলো ব্যবহার করা;
- (ছ) জ্বালানী সাশ্রয়ের জন্য অফিসের গাড়ি ব্যবহার সীমিত করা;
- (জ) জরুরী চিকিৎসার প্রয়োজন ছাড়া বিদেশ ভ্রমণের অনুমতি না দেয়া;
- (ঝ) গ্রামের ইউনিয়ন পর্যায়ে গঠিত উন্নয়ন সমিতির বিভিন্ন কার্যক্রম ও প্রকল্প পরিদর্শন এবং উঠান বৈঠক ব্যতিরেকে অন্যান্য দাপ্তরিক সভা এবং প্রশিক্ষণ কার্যক্রম যথাসম্ভব অনলাইনে সম্পাদন করা;
- (ঞ) আর্থিক লেনদেন যথাসম্ভব মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস 'পল্লী লেনদেন' এর মাধ্যমে সম্পাদনের জন্য সদস্যদের উদ্বুদ্ধ করা এবং
- (ট) সকল ক্ষেত্রে বরাদ্দকৃত বাজেটের অন্তত পক্ষে ২০% ব্যয় হ্রাস করা।

০৩) উপরিউক্ত নির্দেশনা যথাযথভাবে পালনের জন্য আপনাদের-কে নির্দেশ প্রদান করা হলো।

সার্কুলার নম্বর: ০৩/২০২২

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. সহকারী প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক ( ব্যাংকের ওয়েবসাইটে আপলোডের নির্দেশনাসহ )।
৪. সকল কর্মকর্তা/কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক।
৫. অফিস নথি/মহানথি।

২৪/০৭/২২  
(দীপংকর রায়)

মহাব্যবস্থাপক

তারিখঃ ২৪/০৭/২০২২ খ্রি.

২৪/০৭/২২  
আব্দুর রশিদ

সিনিয়র অফিসার